

জবি ক্যারিয়ার ক্লাবের আন্ত: বিশ্ববিদ্যালয় বিজনেস কেইস কম্পিটিশন বিষয়ক
কর্মশালা অনুষ্ঠিত



২৮ সেপ্টেম্বর-২০১৯, শনিবার, সকাল:১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের উদ্যোগে প্রথমবারের মত NRBC Bank প্রেজেন্টস আন্ত: বিশ্ববিদ্যালয় বিজনেস কেইস কম্পিটিশন "DacoiT of Excellence" বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

কর্মশালার সভাপতিত্ব করেন ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক মো: মহিউদ্দিন। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক এবং ক্যারিয়ার ক্লাবের মডারেটর মোঃ শফিকুল ইসলাম কর্মশালায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সামিদ রাজ্জাক, সোবহান চৌধুরী, তাশরিফ-উল ইসলাম, জবি ক্যারিয়ার ক্লাবের সভাপতি মোঃ জাহিদুল ইসলাম ও সাধারণ সম্পাদক আবিব হোসেন। উল্লেখ্য, আন্ত:বিশ্ববিদ্যালয় বিজনেস কেইস কম্পিটিশনে মোট ২৮ টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে।